ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা।
www.dncc.gov.bd

**ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে বিভাগীয় সমন্বয় সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব মোঃ শফিকুল ইসলাম খান, প্রশাসক, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
তারিখ : ২২ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ ।। ০৫ মে ২০২৬
সময় : দুপুর ১২:০০ ঘটিকায়।
স্থান : সভা কক্ষ, ৮ম তলা, নগর ভবন, গুলশান-২, ঢাকা-১২১২ ।

সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট "**ক**"

সভার শুরুতে সভাপতি ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের পক্ষ থেকে উপস্থিত সকল বিভাগীয় প্রধানকে আন্তরিক স্বাগত জানান। তিনি বলেন, নাগরিক সেবার মান সর্বোচ্চ পর্যায়ে উন্নীত করাই আমাদের প্রধান অঙ্গীকার। এ লক্ষ্যে সকলের সম্মিলিত প্রচেষ্টা, আন্তরিক সহযোগিতা এবং পেশাদার মনোভাবের মাধ্যমে একটি আধুনিক ও নাগরিকবান্ধব নগর গড়ে তুলতে তিনি গঠনমূলক মতামত প্রদানের আহ্বান জানান।

সভায় ডিএনসিসির চলমান কার্যক্রমের বর্তমান অবস্থা, বিদ্যমান সমস্যা এবং করণীয় বিষয়ে গুরুত্বসহকারে আলোচনা অনুষ্ঠিত হয়। বিশেষভাবে পরিচ্ছন্নতা কার্যক্রম, ঈদুল আযহা উপলক্ষে বর্জ্য অপসারণ, ডেঙ্গু মশা নিয়ন্ত্রণ, পশুর হাট ইজারা, স্বাস্থ্যসেবা, ওয়াকি-টকি ব্যবহার এবং রাজস্ব আদায় সংক্রান্ত কার্যক্রম নিয়ে বিস্তারিত পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-১ | : | বিগত ২৩ এপ্রিল ২০২৬ তারিখে অনুষ্ঠিত আন্তঃবিভাগীয় সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়ন করতে হবে। |
| বাস্তবায়ন | : | বিভাগীয় প্রধান (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-২ | : | মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন অনুযায়ী আসন্ন ঈদুল আযহার বর্জ্য ১২ ঘণ্টার মধ্যে অপসারণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। |
| বাস্তবায়ন | : | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-৩ | : | নগরবাসীকে ঈদুল আযহার পশু কোরবানি এবং এ-সংক্রান্ত বর্জ্য নির্ধারিত স্থানে সংরক্ষণে উদ্বুদ্ধ করতে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে ট্রাকসজ্জিত সচেতনতামূলক ক্যাম্পেইন পরিচালনা করতে হবে। |
| বাস্তবায়ন | : | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।<br>জনসংযোগ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-৪ | : | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা কোরবানির বর্জ্য অপসারণ সংক্রান্ত যাবতীয় সমস্যা যথাসময়ে উপস্থাপন করবেন, যাতে কর্তৃপক্ষ দ্রুত সমাধানের উদ্যোগ গ্রহণ করতে পারে। |
| বাস্তবায়ন | : | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-৫ | : | কোরবানির বর্জ্যবাহী গাড়িগুলো রং করিয়ে নিতে হবে এবং গাড়িগুলোর ফিটনেস সঠিক রাখতে হবে। |
| বাস্তবায়ন | : | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।<br>মহাব্যবস্থাপক(পরিবহন), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-৬ | : | আগামী ১৫ মে-এর মধ্যে ভান্ডার ও ক্রয় বিভাগ কোরবানির বর্জ্য সংরক্ষণের জন্য ব্যবহৃত ব্যাগ সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে বুঝে নেবে। |
| বাস্তবায়ন | : | প্রধান ভান্ডার ও ক্রয় কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-৭ | : | ভান্ডার ও ক্রয় বিভাগে সংরক্ষিত ৫০০টি ময়লা ফেলার বিন সংসদীয় আসনভিত্তিক গুরুত্বপূর্ণ কেন্দ্রীয় মসজিদ, স্কুল, কলেজ ও মন্দিরসমূহে বিতরণ করতে হবে। |
| বাস্তবায়ন | : | প্রধান ভান্ডার ও ক্রয় কর্মকর্তা কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-৮ | : | মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনামতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন প্রাইমারি হেলথ কেয়ার প্রকল্পের ১৫টি স্থাপনা সিভিল সার্জন, ঢাকা এর নিকট হস্তান্তরের বিষয়ে ডিএনসিসি প্রস্তুত রয়েছে মর্মে পত্র প্রেরণ করতে হবে। |
| বাস্তবায়ন | | প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-৯ | : | ব্যাংকগুলোতে জমাকৃত রাজস্ব বিলম্বে ডিএনসিসির তহবিলে স্থানান্তরের কারণে রাজস্ব বিভাগ ও হিসাব বিভাগের মধ্যে তথ্যগত গরমিল এবং সাময়িক তহবিল সংকট সৃষ্টি হচ্ছে। এ সমস্যা নিরসনে সংশ্লিষ্ট ব্যাংকের প্রতিনিধিদের নিয়ে জরুরি সভা আহ্বান করতে হবে। |
| বাস্তবায়ন | : | প্রধান রাজস্ব কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-১০ | : | মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন অনুযায়ী সড়ক ও মহাসড়কে, যেখানে যান চলাচলে বিঘ্ন সৃষ্টি হয়, সে সব স্থানে কোরবানির পশুর হাট বসানো যাবে না। |
| বাস্তবায়ন | : | প্রধান সম্পত্তি কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-১১ | : | ইজারার শর্ত মেনে ইজারাদারদের দ্বারা পশুর হাটের ময়লা দ্রুত অপসারণ নিশ্চিত করতে হবে। এ বিষয়ে ২০ মে ইজারাদারদের নিয়ে সভা আয়োজন করতে হবে। |
| বাস্তবায়ন | : | প্রধান সম্পত্তি কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-১২ | : | জরুরি ও গুরুত্বপূর্ণ কাজের বিলগুলো দ্রুত পরিশোধের ব্যবস্থা গ্রহণ করতে হবে। |
| বাস্তবায়ন | : | প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-১৩ | : | আসন্ন বর্ষা মৌসুমে সম্ভাব্য জলাবদ্ধতা নিরসন, ময়লা-আবর্জনা অপসারণ ও সড়ক বাতি প্রজ্জ্বলনসহ সকল সেবামূলক কার্যক্রম নিরবচ্ছিন্নভাবে পরিচালনার লক্ষ্যে উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশনা যথাযথ ও তাৎক্ষণিকভাবে প্রতিপালনের নিমিত্ত সর্বসম্মতিক্রমে প্রাধিকারপ্রাপ্ত সকল কর্মকর্তা/ কর্মচারীদের ওয়াকি-টকি সংগ্রহ, বহন ও ব্যবহার উপযোগী রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | সকল বিভাগীয় প্রধান, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।<br>সকল আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৭/০৫/২৫

মোঃ শফিকুল ইসলাম খান
প্রশাসক
ও
সভাপতি
বিভাগীয় সমন্বয় সভা
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

নং: ৪৬.১০.০০০০.০০৬.০৬.১৫৭.১৬ – ৩৮৯    তারিখ : ০৭/৫/২০২৬

বিতরণ কার্যার্থে:

..............................................

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. বিভাগীয় প্রধান (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
২. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩. প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪. সিস্টেম এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন সভার কার্যবিবরণীটি (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৫. প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর স্টাফ অফিসার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৬. সহকারী সচিব, সংস্থাপন-১ ও ২, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৭. অফিস কপি।